



# একাত্তরের ঘাতক দালাল নির্মূল কমিটি

Forum for Secular Bangladesh and Trial of War Criminals of 1971

কার্যালয়: গ-১৬ মহাখালী, ঢাকা-১২১২। দুরালাপনী: ০১৭১১৫৬৩৭৭৯। ফ্যাক্স: ৫৮৮১৫৩৮৫। ই-মেইল: nirnul.committee@gmail.com

## প্রেস বিজ্ঞপ্তি

ঢাকা, ৮ ফেব্রুয়ারি ২০২০

২০২০-এর ১০ জানুয়ারি থেকে আরম্ভ হয়েছে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষে ঘোষিত মুজিববর্ষের কালগণনা। ২০২০-এর ১৭ মার্চ থেকে ২০২১-এর ১৭ মার্চ বাংলাদেশ সহ সমগ্র বিশ্বে বিভিন্ন কর্মসূচির মাধ্যমে মুজিববর্ষ উদযাপন করা হবে। জাতীয় ও আন্তর্জাতিকভাবে মুজিববর্ষ উদযাপনের জন্য সরকারিভাবে দুটি জাতীয় কমিটি গঠন করা হয়েছে।

আমরা মনে করি সরকারি উদ্যোগ ছাড়াও মুক্তিযুদ্ধের স্বপক্ষের নাগরিকদের বিভিন্ন সংগঠনেরও এই মহাযজ্ঞে অংশগ্রহণ করা প্রয়োজন। ‘একাত্তরের ঘাতক দালাল নির্মূল কমিটি’ ইতিমধ্যে মুজিববর্ষ উদযাপনের জন্য বিভিন্ন কর্মসূচি গ্রহণ করেছে, যার অন্যতম হচ্ছে জাতির পিতার স্মরণে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে শতবৃক্ষ রোপণ। ২০১৯-এর ১৭ মার্চ থেকে আমরা এ কর্মসূচি বাস্তবায়ন আরম্ভ করেছি। এ ছাড়াও নির্মূল কমিটির কেন্দ্র এবং দেশে ও বিদেশে আমাদের বিভিন্ন শাখা বিভিন্ন ধরনের কর্মসূচি ঘোষণা করেছে, যা মুজিববর্ষ উদযাপনের আয়োজনকে সমৃদ্ধ করবে।

আগামীকাল ৯ ফেব্রুয়ারি ‘একাত্তরের ঘাতক দালাল নির্মূল কমিটি’র অন্যতম নেতা, বাংলাদেশের মৌলবাদ ও সাম্প্রদায়িকতাবিরোধী নাগরিক আন্দোলনের পুরোগামী নেতা অধ্যাপক কবীর চৌধুরীর ৯৮তম জন্মদিন। তিনি ২০১১ সালে মৃত্যুবরণ করেছেন। তাঁর জন্মদিন উপলক্ষে প্রতি বছর ৯ ফেব্রুয়ারি আমরা অধ্যাপক কবীর চৌধুরী স্মরণক বক্তৃতা ও আলোচনা সভা আয়োজন করি। এ বছর অধ্যাপক কবীর চৌধুরী স্মরণক বক্তৃতার বিষয় হচ্ছে ‘মুজিববর্ষে শিল্পী, সাহিত্যিক, বুদ্ধিজীবীদের ভূমিকা’। এই বক্তৃতা প্রদান করবেন বিশিষ্ট চলচ্চিত্রনির্মাতা ও নাট্যনির্দেশক মুক্তিযোদ্ধা নাসির উদ্দিন ইউসুফ।

আগামীকাল ৯ ফেব্রুয়ারি (২০২০) বিকেল সাড়ে ৩টায় জাতীয় জাদুঘরের কবি সূফিয়া কামাল মিলনায়তনে অধ্যাপক কবীর চৌধুরী স্মরণক বক্তৃতা ও আলোচনা সভার আয়োজন করা হয়েছে।

আলোচনা সভায় সূচনা বক্তব্য প্রদান করবেন নির্মূল কমিটির সভাপতি লেখক সাংবাদিক শাহরিয়ার কবির।

আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বাণিজ্য মন্ত্রণালয়ের মাননীয় বাণিজ্যমন্ত্রী মুক্তিযোদ্ধা টিপু মুনশি এমপি।

আলোচনা সভায় অধ্যাপক কবীর চৌধুরী স্মরণক বক্তৃতা প্রদান করবেন ইন্টারন্যাশনাল থিয়েটার ইন্সটিটিউটের সাম্মানিক সভাপতি নাট্যজন রামেন্দু মজুমদার।

উক্ত আলোচনা সভায় বক্তব্য প্রদান করবেন নির্মূল কমিটির উপদেষ্টা শিল্পী হাশেম খান, নির্মূল কমিটির উপদেষ্টা কথাশিল্পী অধ্যাপক মুহম্মদ জাফর ইকবাল, ফিনল্যান্ডে এর টুয়েন্টি ফাস্ট সেঞ্চুরি ফোরাম ফর সেকুলার বাংলাদেশের আহ্বায়ক ড. মুজিবুর দফতরি, তুরস্ক এর টুয়েন্টি ফাস্ট সেঞ্চুরি ফোরাম ফর হিউম্যানিজমের সাধারণ সম্পাদক শাকিল রেজা ইফতি।

সভায় সভাপতিত্ব করবেন নির্মূল কমিটির সহসভাপতি শিক্ষাবিদ শহীদজায়া শ্যামলী নাসরিন চৌধুরী।

উক্ত আলোচনা সভায় আপনার প্রতিষ্ঠানের একজন প্রতিবেদক ও একজন আলোকচিত্র প্রতিবেদক প্রেরণের জন্য বিনীত অনুরোধ জানাচ্ছি।

  
সংবাদদাতা